DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) • তৈরি: 15 Jul 2026, 11:44 AM

জাতীয়

# স্টার্টআপ উদ্যোক্তাদের ৫ কোটি টাকা পর্যন্ত সহায়তা দেবে সরকার: প্রধানমন্ত্রী

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৮:২৩ PM




স্টার্টআপ খাতে নতুন উদ্যোক্তাদের সহায়তায় সরকার সর্বোচ্চ ৫ কোটি টাকা পর্যন্ত অর্থায়ন করবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, এ খাতের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) মন্ত্রণালয়ে ৫০০ কোটি টাকার বাজেট রাখা হয়েছে।

মঙ্গলবার (১৪ জুলাই) ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত "তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ" শীর্ষক অনুষ্ঠানে তিনি এ ঘোষণা দেন।

প্রধানমন্ত্রী বলেন, একজন স্টার্টআপ উদ্যোক্তার প্রকল্পের ধরন ও সম্ভাবনা বিবেচনায় ৫ লাখ টাকা থেকে সর্বোচ্চ ৫ কোটি টাকা পর্যন্ত সহায়তা দেওয়া হবে। নিরপেক্ষ একটি কমিটি প্রকল্প মূল্যায়ন করে অর্থায়নের সিদ্ধান্ত নেবে।

তিনি জানান, এ কমিটিতে কোনো মন্ত্রী বা উপদেষ্টা থাকবেন না। স্বচ্ছ ও নিরপেক্ষভাবে প্রকল্প যাচাই করে যোগ্য উদ্যোক্তাদের অর্থায়ন

নিশ্চিত করা হবে।

তারেক রহমান আরও বলেন, অনেক সম্ভাবনাময় উদ্যোক্তা ব্যাংক ঋণের জন্য প্রয়োজনীয় জামানত বা কাগজপত্রের শর্ত পূরণ করতে পারেন না। সেই বাধা দূর করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, কোনো স্টার্টআপ প্রথমবার সফল না হলেও প্রকল্পে সম্ভাবনা থাকলে দ্বিতীয়বারও আর্থিক সহায়তার সুযোগ থাকবে।

এর আগে সকাল ১০টার দিকে প্রধানমন্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৌঁছালে ছাত্রদলের নেতাকর্মীরা তাকে স্বাগত জানান। সরকার গঠনের পর এটি প্রধানমন্ত্রী হিসেবে তার দ্বিতীয় ঢাকা বিশ্ববিদ্যালয় সফর।

---

## এ বিভাগের আরও খবর



### মুক্তিযুদ্ধে শহীদদের পূর্ণাঙ্গ তালিকা করা হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী

মুক্তিযুদ্ধে শহীদদের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রণয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান...




### চোরাচালান ও পাচার রুখতে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে: স্বরাষ্ট্রমন্ত্রী

সংঘবদ্ধ অপরাধী চক্রের ডিজিটাল প্ল্যাটফর্ম ও প্রযুক্তির অপব্যবহার রুখতে এবং মানব পাচার ও অভিবাসী চোরাচালান দমনে নতুন আইন কার্যকর ভূমিকা রাখবে...




**সরকারি চাকরিজীবীরা ৪ ক্যাটাগরিতে ইনক্রিমেন্ট পাবেন , কোন গ্রেডে কত**

নবম পে স্কেলে নতুন নিয়মে ইনক্রিমেন্ট পাবেন সরকারি চাকরিজীবীরা। এ ক্ষেত্রে উচ্চ গ্রেডের তুলনায় অপেক্ষাকৃত বেশি সুবিধা ভোগ করবেন নিম্ন ও মধ্যম...




**বরখাস্ত হলেন সাবেক অতিরিক্ত পুলিশ সুপার তোহিদুল ইসলাম**

দীর্ঘদিন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সাবেক অতিরিক্ত পুলিশ সুপার (ইন্ডাস্ট্রিয়াল পুলিশ) মো. তোহিদুল ইসলামকে চাক...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/national/startap-udjoktader-5-koti-taka-prjnt-shayta-debe-srkar-prdhanmntri